

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

ছাত্রলীগ নেতাদের চারটি কক্ষ ভাঙ্গুর

রংপুর অফিস ২৩ আগস্ট, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের হলে ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের কক্ষ ভাঙ্গুর হয়েছে। সংগঠনেরই সাবেক এক নেতা বহিরাগতদের নিয়ে এ হামলা চালান বলে অভিযোগ পাওয়া গেছে।

অ- অ+
অ- অ+
অ- অ+

গত বুধবার রাতে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও শহীদ মুখ্তার ইলাহী হলে এই হামলা ও ভাঙ্গুরের ঘটনা ঘটে। এ অবস্থায় ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা গেছে, ২১ আগস্ট গ্রেনেড হামলার বার্ষিকীতে বুধবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীয়া শহীদ মিনারে ছাত্রলীগের সাধারণ সম্পাদক কামরুল হাসান নোবেল শেখ নেতাকর্মীদের নিয়ে মোমবাতি প্রজ্বলন কর্মসূচি পালন করেন। এ সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র ও ছাত্রলীগের সাবেক সদস্য ফয়সাল আজম ফাইন এসে বাধা দেন এবং নোবেল শেখকে হৃষকি দেন। তখন সেখানে দুই পক্ষের নেতাকর্মীদের মধ্যে কথা-কাটাকাটি ও ধাক্কাধাক্কির ঘটনা ঘটে। এরপর নোবেল শেখ নেতাকর্মীদের নিয়ে বঙ্গবন্ধু হলের দিকে চলে যান। ফয়সাল আজমও ক্যাম্পাস ত্যাগ করেন। রাত সাড়ে ৮টার দিকে ফয়সাল আজম, ঝুঁঁবেল হোসেন, বর্তমান শিক্ষার্থী সুব্রত ঘোষ, ফজলে রাবি, মামুন সবুজ, জিসানসহ আরো কয়েকজনের নেতৃত্বে ৫০ থেকে ৬০ জন বহিরাগত প্রথমে বঙ্গবন্ধু হলে সাধারণ সম্পাদক নোবেল শেখের ৪০৬ নম্বর কক্ষ তচনছ ও ভাঙ্গুর করে। পরে হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহবুব আলমের ৪০৭ নম্বর কক্ষে হামলা চালায় এবং ভাঙ্গুর করে। হামলাকারীরা শহীদ মুখ্তার ইলাহী হলে গিয়ে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি তুষার কিবরিয়ার ৫০৬ নম্বর কক্ষ ও সংগঠনের হল শাখার সভাপতি হাসান আলীর ৫০৫ নম্বর কক্ষ ভাঙ্গুর করে।